



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি
তারিখ: ১৭ নভেম্বর ২০২২

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারীদের দাপ্তরিক কাজে দক্ষতা ও সচেতনতা বৃদ্ধির জন্য “অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা” শীর্ষক দিনব্যাপী একটি অভ্যন্তরীণ প্রশিক্ষণ ১৭ নভেম্বর ২০২২ তারিখ বৃহস্পতিবার সকাল ৯:৩০ ঘটিকা থেকে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত আন্তর্জাতিক সম্মেলন কক্ষে মহাপরিচালক প্রফেসর ড. হাকিম আরিফ-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কর্মসূচির শুভ উদ্বোধন ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সম্পর্কে সাধারণ ধারণা প্রদান করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর মহাপরিচালক। প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব (কলেজ) জনাব মুঃ ফজলুর রহমান, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ) জনাব মোঃ আজহারুল আমিন, উপপরিচালক (প্রচার, তথ্য ও জনসংযোগ) জনাব মোঃ মিজানুর রহমান, উপপরিচালক (প্রশাসন) জনাব মোঃ সাইফুল ইসলাম। প্রশিক্ষণের বিষয়বস্তু ছিলো অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার মূল উদ্দেশ্যসমূহ, অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) নিয়োগ পদ্ধতি ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তার কাজের পরিধি, অভিযোগ ব্যবস্থাপনা সেলের গঠন ও অভিযোগ ব্যবস্থাপনা সেলের কার্যপরিধি, অভিযোগ ও আপিল দাখিল পদ্ধতি নিয়ে আলোচনা করা হয়। এ প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।



‘অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা’ শীর্ষক দিনব্যাপী অভ্যন্তরীণ প্রশিক্ষণ কর্মসূচির একাংশ

১৭/১১/২০২২

(মোঃ মিজানুর রহমান)

উপপরিচালক (প্রচার, তথ্য ও জনসংযোগ)

মোবাইল: ০১৭১১৪৬০৫৮০

ইমেইল: mizanurr16bcs@gmail.com